

বাকুবির বাজেট ঘোষণা

বাকুবির প্রতিনিষি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের চলতি অর্থ বছরের জন্য ৭৯ কোটি ১০ লাখ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। ১৩ জুন অনুষ্ঠিত ফিন্যান্স কমিটি সভায় প্রদত্ত সুপারিশ অনুযায়ী শনিবার অনুষ্ঠিত সিন্ডিকেটের ২৮৩তম অধিবেশনে এ বাজেট অনুমোদন করা হয়। রবিবার এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য দেয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানায়, ২০০৮-২০০৯ অর্থবছরের জন্য প্রণীত চাহিদা বাজেটে ৮৯ কোটি ৯২.৫৮ লাখ টাকার চাহিদা প্রেরণ করা হলেও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (বিমক)-এর বিপরীতে ৭৯ কোটি ১০ লাখ টাকার সিলিং নির্ধারণ করেছে। কমিশন কর্তৃক নির্ধারিত



সিলিংয়ের মধ্যে বাজেট রিকাস্ট হয়েছে। ফিন্যান্স কমিটি ও সিন্ডিকেট সভায় রিকাস্ট ও মূল বাজেট উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ মোঃ ইদ্রিস আলী। বাকুবির কর্তৃপক্ষ জানায়, বিমক কর্তৃক ধার্যকৃত সিলিং অনুযায়ী প্রণীত বাজেটে ২০০৭-২০০৮ অর্থ বর্ষের সংশোধিত রিকাস্ট বাজেটের চেয়ে বরাদ্দের পরিমাণ কেবল শতকরা ২.৮৩ ভাগ বৃদ্ধি পেয়েছে যা দিয়ে আগামী বছরের স্বাভাবিক খরচ মেটাতে বেগ পেতে হবে। তাই বাকুবির কর্তৃপক্ষ ২০০৮-২০০৯ অর্থবছরের সংশোধিত বাজেট প্রণয়নকালে বিশ্ববিদ্যালয়ের বাস্তব চাহিদা অনুযায়ী বরাদ্দ নির্ধারণের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি অনুরোধ রাখেন।